গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২১ - জুন ৩০, ২০২২

# সূচিপত্র

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৪

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৫

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৮

সংযোজনী ৪: যেসব নীতি/পরিকল্পনার আলোকে কর্মসম্পাদন পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে ........ ১৯

সংযোজনী ৫-৯: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ২০

## মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ দেশের পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচন কার্যক্রম পরিচালনায় মুখ্য ভূমিকা পালন করছে। পল্লী উন্নয়নে নিত্য নতুন কৌশল উদ্ভাবন ও প্রয়োগের মাধ্যমে টেকসই দারিদ্র্য বিমোচন ও জীবিকায়ন উন্নয়নে এ বিভাগ সর্বদা নিয়োজিত। এ লক্ষ্যে সারাদেশে সমবায় কার্যক্রম সম্প্রসারণ করা হয়েছে। ''আমার বাড়ি আমার খামার প্রকল্প '' এর মাধ্যমে প্রথাগত ক্ষুদ্র ঋণের পরিবর্তে ক্ষুদ্র সঞ্চয় ধারণার প্রবর্তন করা হয়েছে; বিগত তিন বছরে উপকারভোগীদের সঞ্চয় এবং সরকার প্রদত্ত বোনাসের মাধ্যমে গঠিত মোট তহবিলের পরিমাণ ৩৫৯৩.৮৭ কোটি টাকা। এসব অর্থের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে অনলাইন ব্যাংকিং প্রবর্তন করা হয়েছে। এছাড়া, গোখাদ্য উৎপাদন কারখানা চালু করা হয়েছে। মহিষের কৃত্রিম প্রজনন কেন্দ্র স্থাপন এবং সিরাজগঞ্জের বাঘাবাড়িঘাটে গুঁড়ো দুধ কারখানা, চট্টগ্রামের পটিয়ায় ও ফরিদপুরে দুগ্ধ কারখানা স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। পল্লী উন্নয়নে অব্যাহত গবেষণার ধারাবাহিকতায় দেশের বিভিন্ন এলাকায় সেচ ও পানি ব্যবস্থাপনা, বীজ ও বায়োটেকনোলজি, গবাদিপশুর জাত উন্নয়ন ও সম্প্রসারণ, নবায়নযোগ্য শক্তি উন্নয়ন ও গবেষণা কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

প্রথাগত ক্ষুদ্রঋণ কার্যক্রমের আওতায় সুফলভোগীরা ক্ষুধামুক্ত হলেও সেবামূল্যের উচ্চ হার, কিস্তি পরিশোধের কঠিনশর্ত ও বাধ্যবাধকতার কারণে কাঙ্ক্ষিত মাত্রায় সাফল্য পাওয়া সম্ভব হচ্ছে না। এর বিপরীতে ক্ষুদ্র সঞ্চয় ধারণার সম্প্রসারণ ও এর টেকসইকরণ একটি বড় চ্যালেঞ্জ। অতি দরিদ্র ও দরিদ্র শ্রেণির একটি বড় অংশ এখনো দারিদ্র্যমুক্তি কার্যক্রমের আওতার বাইরে রয়ে গেছে। সুফলভোগীদের উদ্বুদ্ধকরণ, উপযুক্ত প্রশিক্ষণ ও প্রশিক্ষণ পরবর্তী সঠিক জীবিকায়নে নিয়োজিত করা একটি দুরূহ কাজ। এছাড়া বর্তমান করোনা পরিস্থিতিতে মাঠপর্যায়ে কার্যক্রম পরিচালনা ও সমন্বয় সাধন একটি বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

দেশের দরিদ্র জনগোষ্ঠীকে লক্ষ্যভুক্ত করে পশ্চাৎপদ এলাকায় ২০২১-২২ থেকে ২০২৩-২৪ সাল পর্যন্ত ১৯.৫২ লক্ষ জনের কর্মসংস্থান সৃজন এবং ৭.১৬ লক্ষ জনকে প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ মানবসম্পদ সৃষ্টি করা হবে। ২৩৩ টি গবেষণা ও প্রায়োগিক গবেষণার মাধ্যমে পল্লী উন্নয়ন বিষয়ক সমস্যা চিহ্নিতকরণ, সমাধান ও ফলাফল সম্প্রসারণ করা হবে। এছাড়া, ১৪২০ লক্ষ লিটার তরল দুধ সংগ্রহ, ১২৩৫ লক্ষ লিটার তরল দুধ বাজারজাতকরণ এবং ২৯৫ কোটি টাকার দুগ্ধজাত পণ্য বাজারজাতকরণের মাধ্যমে দেশকে দুগ্ধ উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ করে গড়ে তোলা হবে।

**২০২১-২২ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ৭০০০ টি সমবায় সমিতি এবং ১৪২০ টি অনানুষ্ঠানিক সমিতি গঠন করা হবে;
- ৫৪,০০০ জনকে আয়বর্ধনমূলক প্রশিক্ষণ প্রদান করা হবে;
- আয়বর্ধনমূলক কর্মকাণ্ডে ৩,২১,০০০ জন মহিলা ১,৭৮,০০০ জন পুরুষকে নিয়োজিত করা হবে;
- ক্ষুদ্র সঞ্চয়ের মাধ্যমে ৩৭.৬০ কোটি টাকা মূলধন গঠন এবং ৩০৬৩.৫৮ কোটি টাকা ঋণ বিতরণ করা হবে।
- ২৫ টি গবেষণা, ২১ টি প্রায়োগিক গবেষণা সম্পাদন এবং ৩২ টি গবেষণা ও প্রায়োগিক গবেষণার ফলাফল প্রকাশ করা হবে।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় প্রতিমন্ত্রী, প্রতিনিধি হিসাবে সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০২১ সালের জুলাই মাসের ১৮ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

বঙ্গবন্ধুর স্বপ্নের ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত সোনার বাংলা বিনির্মাণ।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

পল্লী উন্নয়নে সমবায়ভিত্তিক কার্যক্রম পরিচালনা এবং অব্যাহত গবেষণার মাধ্যমে পল্লী অঞ্চলে সুসমন্বিত উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন ও দেশের দরিদ্র জনগোষ্ঠির আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

#### ১.৩.১ মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. পল্লীর দরিদ্র ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর আয়বর্ধক কর্মকান্ড বৃদ্ধির মাধ্যমে জীবিকায়ন নিশ্চিতকরণ
২. পল্লী উন্নয়নে যুগোপযোগী কৌশল উদ্ভাবন ও বিস্তৃতকরণ
৩. প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি ও দক্ষ মানব সম্পদ তৈরির মাধ্যমে নতুন নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক সমিতি গঠন এবং প্রয়োজনীয় কর্মসূচি/প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন;
২. পল্লী উন্নয়নভিত্তিক নীতিমালা, সমবায় আইন ও বিধি এবং তৎসংশ্লিষ্ট নীতিমালা প্রণয়ন;
৩. ক্ষুদ্র ঋণ, ক্ষুদ্র সঞ্চয়, সমবায়ভিত্তিক ক্ষুদ্র ও কুটিরশিল্প স্থাপন, সমবায় ব্যাংকিং, সমবায়ী কৃষি খামার সৃষ্টি ও উৎপাদিত পণ্য বাজারজাতকরণ, দুগ্ধ ও অন্যান্য সমবায়ভিত্তিক ব্যবসা প্রতিষ্ঠান গড়ে তোলার মাধ্যমে উদ্যোক্তা সৃষ্টি;
৪. পল্লী উন্নয়ন ও সমবায়ভিত্তিক মানবসম্পদ উন্নয়ন কর্মসূচি গ্রহণ এবং পল্লী উন্নয়নে প্রশিক্ষণ প্রতিষ্ঠান তৈরি, সম্প্রসারণ ও অবকাঠামো নির্মাণ এবং দক্ষ মানবসম্পদ তৈরির মাধ্যমে কর্মসংস্থান বৃদ্ধিকরণ;
৫. পল্লী উন্নয়নভিত্তিক কার্যক্রম বাস্তবায়ন এবং এই সংক্রান্ত বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার সঙ্গে সমন্বয় সাধন;
৬. প্রায়োগিক গবেষণার মাধ্যমে পল্লী উন্নয়ন কৌশল ও মডেল উদ্ভাবন এবং সম্প্রসারণ;
৭. সমবায়ভিত্তিক কর্মসূচির মাধ্যমে গ্রামীণ মহিলাদের ক্ষমতায়ন ও আর্থ-সামাজিক উন্নয়ন;
৮. পল্লী উন্নয়ন কর্মসূচিতে জনসাধারণের সম্পৃক্ততা নিশ্চিতকরণ।

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা ২০২১-২২ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্হাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২২-২০২৩ | ২০২৩-২০২৪ | | |
| আয়বর্ধনমূলক কার্যক্রমে মহিলাদের অংশগ্রহণ নিশ্চিতকরণ | পল্লীর মহিলাদের আয়বর্ধনমূলক কর্মকান্ডে অংশগ্রহণ | জন (লক্ষ) | ১১.১৩ | ৮.২৬ | ৩.২১ | ৩.৩৬ | ৩.৫১ | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন দপ্তর/ সংস্থাসমূহ | বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি), বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড), পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ), ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ)। |
| আয়বর্ধনমূলক কর্মকান্ডে পল্লীর পুরুষদের অংশগ্রহণ নিশ্চিতকরণ | পল্লীর পুরুষদের আয়বর্ধনমূলক কর্মকান্ডে অংশগ্রহণ | জন (লক্ষ) | ৫.৭৮ | ৪.৬৭ | ১.৭৮ | ১.৮৩ | ১.৮৮ | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন দপ্তর/ সংস্থাসমূহ | বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি), বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড), পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ), ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ)। |
| প্রশিক্ষণের মাধ্যমে প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি ও দক্ষ জনবল সৃজন | প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ মানব সম্পদ তৈরি | জন (লক্ষ) | ২.৭০ | ২.৭৪ | ২.২৮ | ২.৪০ | ২.৪৮ | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন দপ্তর/ সংস্থাসমূহ | সমবায় অধিদপ্তর, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি), বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড), পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমী (বাপার্ড), পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ), ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ)। |
| পল্লী উন্নয়নে যুগোপযোগী কৌশল উদ্ভাবন ও বিস্তৃতকরণ | পল্লী উন্নয়নে গবেষণা ও প্রয়োগিক গবেষণা সম্পাদন, প্রকাশনার মাধ্যমে গবেষণালব্ধ ফলাফল প্রচার | সংখ্যা | ৭৫ | ৫২ | ৭৮ | ৭৭ | ৭৮ | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন তিনটি গবেষণা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান | বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড), পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমী (বাপার্ড) |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩
# কর্মসম্পাদন পরিকল্পনা

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ ২০২২-২০২৩ | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |
| [১] পল্লীর দরিদ্র ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর আয়বর্ধক কর্মকান্ড বৃদ্ধির মাধ্যমে জীবিকায়ন নিশ্চিতকরণ | ২৫ | [১.১] সমবায় সমিতি এবং অনানুষ্ঠানিক সমিতির মাধ্যমে জনগণকে সংগঠিত করা | [১.১.১] সমবায় সমিতি নিবন্ধনের আবেদন নিষ্পত্তির হার | গড় | % | ২ | ৯০ | ১০০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ১০০ | ১০০ |
| | | | [১.১.২] কার্যকর সমবায় সমিতির অডিট সম্পাদনের হার | ক্রমপুঞ্জিভূত | % | ২ | ৮৭.৫২ | ১০০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ১০০ | ১০০ |
| | | | [১.১.৩] গঠিত অনানুষ্ঠানিক সমিতি | সমষ্টি | সংখ্যা | ২ | ২২৯২৬ | ১৩৬০ | ১৪২০ | ১৪০০ | ১৩৫০ | ১৩০০ | ১২৮০ | ১৪৬৫ | ১৫৪০ |
| | | [১.২] ঋণ বিতরণ | [১.২.১] বিতরণকৃত ঋণের পরিমাণ | সমষ্টি | টাকা (কোটি) | ১ | ৩০২৬.৫২ | ৩২০৩.৩৩ | ৩০৩৬ | ৩০৩৪ | ৩০৩২ | ৩০৩০ | ৩০২৮ | ৩০৩৮ | ৩০৪০ |
| | | [১.৩] ঋণ আদায় | [১.৩.১] ঋণ আদায়ের হার | গড় | % | ১ | ৯১ | ৯১ | ৯৩ | ৯২ | ৯১.৫ | ৯১ | ৯০ | ৯৪ | ৯৫ |
| | | [১.৪] সমবায় সমিতি ও অনানুষ্ঠানিক সমিতির সদস্যদের অতিরিক্ত কর্মসংস্থান সৃজন | [১.৪.১] আত্মকর্মসংস্থান সৃজিত উপকারভোগীর সংখ্যা | সমষ্টি | জন (লক্ষ) | ২ | ১০.১১ | ১২.৬৫ | ৬.১৮ | ৬.১০ | ৬.০০ | ৫.৯০ | ৫.৮০ | ৬.৫১ | ৬.৮০ |
| | | | [১.৪.২] ঋণ গ্রহীতা | সমষ্টি | জন (লক্ষ) | ১ | ৫.৯৯ | ৭.০৬৫ | ৭.১৭ | ৭.১০ | ৭.০০ | ৬.৯০ | ৬.৮০ | ৭.২৭ | ৭.৩৭ |
| | | [১.৫] পল্লী জনগোষ্ঠীর আয়বর্ধনমূলক কার্যক্রম | [১.৫.১] আয়বর্ধনমূলক কর্মকান্ডে নিয়োজিত মহিলা | সমষ্টি | জন (লক্ষ) | ২ | ৬.৪০ | ৮.২৬ | ৩.২১ | ৩.১০ | ৩.০০ | ২.৯০ | ২.৮০ | ৩.৩৬ | ৩.৫১ |
| | | | [১.৫.২] আয়বর্ধনমূলক কর্মকান্ডে নিয়োজিত পুরুষ | সমষ্টি | জন (লক্ষ) | ১ | ১.৩৪ | ৪.৬৭ | ১.৭৮ | ১.৭০ | ১.৬০ | ১.৫০ | ১.৪০ | ১.৮৩ | ১.৮৮ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ ২০২২-২০২৩ | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |
| | | [১.৬] সমিতির সদস্যদের জন্য মূলধন গঠন | [১.৬.১] ক্ষুদ্র সঞ্চয়ের মাধ্যমে গঠিত মূলধনের পরিমাণ | সমষ্টি | টাকা (কোটি) | ২ | ৭৩২.৪৫ | ৬৩৬.৫০ | ৩৭.৬০ | ৩৭.৫০ | ৩৭.৪০ | ৩৭.৩০ | ৩৭.২০ | ৩৮.৬২ | ৩৯.৬৪ |
| | | | [১.৬.২] সমিতির ক্রয়কৃত শেয়ার | সমষ্টি | টাকা (কোটি) | ২ | ৩.৩৮ | ৪.৫২ | ৪.৫৫ | ৪.৪৫ | ৪.৩৫ | ৪.২৫ | ৪.১৫ | ৪.৫৭ | ৪.৫৮ |
| | | | [১.৬.৩] সমিতিতে জমাকৃত সঞ্চয় | সমষ্টি | টাকা (কোটি) | ২ | ২৪.০২ | ৩২.০৩ | ৩২.০৫ | ৩২.০০ | ৩১.৫০ | ৩১.২৫ | ৩১.০০ | ৩২.১০ | ৩২.১২ |
| | | [১.৭] উপকারভোগী গ্রুপ কর্তৃক কৃষিজ উৎপাদন বৃদ্ধি | [১.৭.১] সংগৃহীত তরল দুধ | সমষ্টি | লিটার (লক্ষ) | ১ | ৪৩৩.২২ | ৪৫০ | ৪৬০ | ৪৫০ | ৪৪০ | ৪৩০ | ৪২০ | ৪৭৫ | ৪৮৫ |
| | | | [১.৭.২] বাজারজাতকৃত তরলদুধ | সমষ্টি | লিটার (লক্ষ) | ১ | ৩৩১.৮৮ | ৩৯৩ | ৩৯৫ | ৩৯০ | ৩৮৫ | ৩৮০ | ৩৭৫ | ৪১০ | ৪৩০ |
| | | | [১.৭.৩] বাজারজাতকৃত অন্যান্য দুগ্ধজাত পণ্য | সমষ্টি | টাকা (কোটি) | ১ | ৮০ | ৯০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ | ১০০ | ১০০ |
| | | [১.৮] উপকারভোগী গ্রুপ কর্তৃক উৎপাদিত অকৃষি পণ্য বাজারজাতকরণ | [১.৮.১] অকৃষি পণ্য বিপণন | সমষ্টি | টাকা (লক্ষ) | ১ | ১.৮৪ | ২৪৫ | ২৫০ | ২৪৫ | ২৪০ | ২৩৫ | ২৫২ | ২৫৪ | |
| | | [১.৯] টেকসই পরিবেশ উন্নয়নে কার্যক্রম গ্রহণ | [১.৯.১] গাছের চারা বিতরণ | সমষ্টি | সংখ্যা | ১ | | ৩০০০০ | ৩৫০০০ | ৩২০০০ | ৩০০০০ | ২৯০০০ | ২৮৫০০ | | |
| [২] পল্লী উন্নয়নে যুগোপযোগী কৌশল উদ্ভাবন ও বিস্তৃতকরণ | ২৩ | [২.১] পল্লী উন্নয়ন গবেষণা সম্পাদন | [২.১.১] সম্পাদিত গবেষণা | সমষ্টি | সংখ্যা | ৪ | ২১ | ১৮ | ২৫ | ২৪ | ২৩ | ২২ | ২১ | ২৪ | ২৪ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ ২০২২-২০২৩ | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| | | [২.২] পল্লী উন্নয়নে প্রায়োগিক গবেষণা সম্পাদন | [২.২.১] সম্পাদিত প্রায়োগিক গবেষণা | সমষ্টি | সংখ্যা | ৪ | ৭ | ১৪ | ২১ | ২০ | ১৯ | ১৮ | ১৭ | ২৩ | ২২ |
| | | [২.৩] প্রকাশনার মাধ্যমে গবেষণালব্ধ ফলাফলের প্রচার/বিস্তার এবং পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক সেমিনার, কর্মশালা আয়োজন | [২.৩.১] প্রকাশিত গবেষণা ও প্রায়োগিক গবেষণার ফলাফল প্রচার | সমষ্টি | সংখ্যা | ৪ | ১৭ | ২০ | ৩০ | ২৮ | ২৭ | ২৬ | ২৫ | ৩০ | ৩২ |
| | | | [২.৩.২] পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক আয়োজিত সেমিনার, কর্মশালা | সমষ্টি | সংখ্যা | ৪ | ১৩২ | ১৪১ | ৬ | ৫ | ৪ | | | ১৩৪ | ১৪৯ |
| | | [২.৪] পল্লী অঞ্চলে শহরের সুযোগ সুবিধা নিশ্চিতকরণ | [২.৪.১] পল্লী এলাকায় সৌর বিদ্যুতায়িত সড়কবাতি স্থাপন | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৩২০০ | ৩১৪০ | ৩০৭০ | ৩০০০ | ২৯৩০ | ২০০০ | ২৫০০ |
| | | | [২.৪.২] বঙ্গবন্ধুর গণমুখী সমবায় ভাবনার আলোকে বঙ্গবন্ধু মডেল গ্রাম প্রতিষ্ঠা পাইলট প্রকল্পের অগ্রগতি | সমষ্টি | % | ১ | | | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | | |
| | | | [২.৪.৩] আধুনিক নাগরিক সুযোগ সুবিধা সম্বলিত সমবায়ভিত্তিক বহুতল ভবন বিশিষ্ট ‘পল্লী জনপদ’ নির্মাণের অগ্রগতি | সমষ্টি | % | ১ | | | ৭০ | ৬০ | ৫০ | ৪০ | ৩০ | | |
| | | [২.৫] পল্লী উন্নয়ন বিষয়ক প্রায়োগিক গবেষণা কার্যক্রম মনিটরিং | [২.৫.১] ভার্চুয়াল প্ল্যাটফর্মের মাধ্যমে প্রায়োগিক গবেষণা সংক্রান্ত কার্যক্রমের মনিটরিং | সমষ্টি | সংখ্যা | ১ | | | ১২ | ১১ | ১০ | ৯ | ৮ | | |
| | | [২.৬] কৃষি যান্ত্রিকীকরণ সেবা | [২.৬.১] ট্রাক্টর, পাওয়ার টিলারের মাধ্যমে জমি চাষ সেবা প্রদান | গড় | একর | ১ | | | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | ১৫ | ২০ |
| | | | [২.৬.২] রিপার, কম্বাইন্ড হারভেস্টার ইত্যাদির মাধ্যমে ফসল কর্তন ও ফসল সংগ্রহ সেবা প্রদান | গড় | একর | ১ | | | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | ১৫ | ২০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ ২০২২-২০২৩ | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [৩] প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি ও দক্ষ মানব সম্পদ তৈরির মাধ্যমে নতুন নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি | ২২ | [৩.১] সমবায় সমিতি ও অনানুষ্ঠানিক সমিতির সদস্যদের মধ্যে উদ্বুদ্ধকরণ/ আয়বর্ধনমূলক প্রশিক্ষণ প্রদান | [৩.১.১] আয়বর্ধনমূলক প্রশিক্ষণ গ্রহণকারী | সমষ্টি | জন (লক্ষ) | ৪ | ১.৪৫ | ১.০৩ | ০.৫৪ | ০.৫২ | ০.৫০ | ০.৪৮ | ০.৪৬ | ০.৫৭ | ০.৬১ |
| | | | [৩.১.২] উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ গ্রহণকারী | সমষ্টি | জন (লক্ষ) | ৪ | ১.৪৮ | ১.৬৫ | ১.৬৮ | ১.৬৫ | ১.৬২ | ১.৫৯ | ১.৫৬ | ১.৭৬ | ১.৭৯ |
| | | [৩.২] পল্লী উন্নয়নে নিয়োজিত কর্মকর্তা, জনপ্রতিনিধি এবং এনজিও কর্মীদের প্রশিক্ষণ প্রদান | [৩.২.১] প্রশিক্ষণার্থী কর্মকর্তা, জনপ্রতিনিধি এবং এনজিওকর্মী | সমষ্টি | জন | ৪ | ১৩৩৬২ | ১৫২৬৭ | ৬৭৬০ | ৬৭০০ | ৬৫৫০ | ৬৪৫০ | ৬৩৫০ | ৭০১০ | ৭২৬০ |
| | | [৩.৩] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন | [৩.৩.১] অধীনস্থ দপ্তর/ সংস্থার কর্মকর্তা কর্মচারীদের পদোন্নতি প্রদান | তারিখ | তারিখ | ৪ | | | ৩০.০৬.২২ | | | | | | |
| | | [৩.৪] কর্মকর্তা/কর্মচারীগণের সক্ষমতা উন্নয়নে উদ্যোগ গ্রহণ | [৩.৪.১] সমসাময়িক বিষয় নিয়ে লার্নিং সেশন আয়োজন | সমষ্টি | সংখ্যা | ৪ | | | ৬ | ৫ | ৪ | | | ৬ | ৬ |
| | | [৩.৫] পল্লী উন্নয়নে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারী এবং সুফলভোগীদের প্রশিক্ষণ সংক্রান্ত কার্যক্রম মনিটরিং | [৩.৫.১] ভার্চুয়াল প্ল্যাটফর্মের মাধ্যমে প্রশিক্ষণ সংক্রান্ত কার্যক্রম মনিটরিং | সমষ্টি | সংখ্যা | ২ | | | ১২ | ১১ | ১০ | ৯ | ৮ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ ২০২২-২০২৩ | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | | |
| [১] সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় মাননীয় প্রতিমন্ত্রী, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| সচিব<br>পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | ২৮.০৭.২০২১<br>তারিখ |
| মন্ত্রিপরিষদ সচিব<br>মন্ত্রিপরিষদ বিভাগ | ২৮.০৭.২০২১<br>তারিখ |

# সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | আইজিএ | ইনকাম জেনারেটিং এ্যাক্টিভিটিজ (আয়বর্ধনমূলক কার্যক্রম) |
| ২ | আরডিএ, বগুড়া | রুরাল ডেভেলপমেন্ট একাডেমি, বগুড়া |
| ৩ | এসএফডিএফ | স্মল ফার্মার্স ডেভলপেমন্ট ফাউন্ডেশন |
| ৪ | পউসবি | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ |
| ৫ | পিডিবিএফ | পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন |
| ৬ | বাপার্ড, গোপালগঞ্জ | বঙ্গাবন্ধু একাডেমি ফর পোভার্টি এলিভিয়েশন এন্ড রুরাল ডেভেলপমেন্ট, গোপালগঞ্জ |
| ৭ | বার্ড, কুমিল্লা | বাংলাদেশ একাডেমি ফর রুরাল ডেভলপমেন্ট, কুমিল্লা |
| ৮ | বিআরডিবি | বাংলাদেশ রুরাল ডেভেলপমেন্ট বোর্ড |

# সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] সমবায় সমিতি এবং অনানুষ্ঠানিক সমিতির মাধ্যমে জনগণকে সংগঠিত করা | [১.১.১] সমবায় সমিতি নিবন্ধনের আবেদন নিষ্পত্তির হার | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রশাসন-২ শাখা | সমবায় অধিদপ্তরের প্রধান কর্তৃক প্রাপ্ত প্রত্যয়ন পত্র। |
| | [১.১.২] কার্যকর সমবায় সমিতির অডিট সম্পাদনের হার | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রশাসন-২ এবং প্রতিষ্ঠান-২ শাখা | সমবায় অধিদপ্তর এবং বিআরডিবি প্রধান কর্তৃক প্রাপ্ত প্রত্যয়ন পত্র। |
| | [১.১.৩] গঠিত অনানুষ্ঠানিক সমিতি | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রতিষ্ঠান-২ শাখা | বিআরডিবি,পিডিবিএফ, এসএফডিএফ প্রধান কর্তৃক প্রাপ্ত প্রত্যয়ন পত্র। |
| [১.২] ঋণ বিতরণ | [১.২.১] বিতরণকৃত ঋণের পরিমাণ | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রতিষ্ঠান-১, প্রতিষ্ঠান-২ শাখা পরিকল্পনা শাখা-১,২,৩,৪,৫ এবং ৬। | সমবায়, বিআরডিবি, বার্ড, আরডিএ, পিডিবিএফ, এসএফডিএফ, মিল্ক ভিটা প্রধান কর্তৃক প্রাপ্ত প্রত্যয়ন পত্র। |
| [১.৩] ঋণ আদায় | [১.৩.১] ঋণ আদায়ের হার | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রতিষ্ঠান-১, প্রতিষ্ঠান-২ শাখা পরিকল্পনা শাখা-১,২,৩,৪,৫ এবং ৬। | সমবায়, বিআরডিবি, বার্ড, আরডিএ, পিডিবিএফ, এসএফডিএফ প্রধান কর্তৃক প্রাপ্ত প্রত্যয়ন পত্র। |
| [১.৪] সমবায় সমিতি ও অনানুষ্ঠানিক সমিতির সদস্যদের অতিরিক্ত কর্মসংস্থান সৃজন | [১.৪.১] আত্মকর্মসংস্থান সৃজিত উপকারভোগীর সংখ্যা | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রতিষ্ঠান-১, প্রতিষ্ঠান-২ শাখা পরিকল্পনা শাখা-১,২,৩,৪,৫ এবং ৬। | সমবায়, বিআরডিবি, আরডিএ, পিডিবিএফ, এসএফডিএফ প্রধান কর্তৃক প্রাপ্ত প্রত্যয়ন পত্র। |
| | [১.৪.২] ঋণ গ্রহীতা | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রতিষ্ঠান-১,পরিকল্পনা শাখা-১,২,৪ এবং ৫। | বিআরডিবি, পিডিবিএফ, এসএফডিএফ প্রধান কর্তৃক প্রাপ্ত প্রত্যয়ন পত্র। |
| [১.৫] পল্লী জনগোষ্ঠীর আয়বর্ধনমূলক কার্যক্রম | [১.৫.১] আয়বর্ধনমূলক কর্মকান্ডে নিয়োজিত মহিলা | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রতিষ্ঠান-১,পরিকল্পনা শাখা-১,২,৩,৪ এবং ৫। | বিআরডিবি, বার্ড, পিডিবিএফ, এসএফডিএফ প্রধান কর্তৃক প্রাপ্ত প্রত্যয়ন পত্র। |
| | [১.৫.২] আয়বর্ধনমূলক কর্মকান্ডে নিয়োজিত পুরুষ | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রতিষ্ঠান-১,পরিকল্পনা শাখা-১,২,৩,৪ এবং ৫। | বিআরডিবি, বার্ড, পিডিবিএফ, এসএফডিএফ প্রধান কর্তৃক প্রাপ্ত প্রত্যয়ন পত্র। |
| [১.৬] সমিতির সদস্যদের জন্য মূলধন গঠন | [১.৬.১] ক্ষুদ্র সঞ্চয়ের মাধ্যমে গঠিত মূলধনের পরিমাণ | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রতিষ্ঠান-১,পরিকল্পনা শাখা-১,২,৪ এবং ৫। | বিআরডিবি,পিডিবিএফ, এসএফডিএফ প্রধান কর্তৃক প্রাপ্ত প্রত্যয়ন পত্র। |
| | [১.৬.২] সমিতির ক্রয়কৃত শেয়ার | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রতিষ্ঠান-১,পরিকল্পনা শাখা-১ এবং ৪। | বিআরডিবি প্রধান কর্তৃক প্রাপ্ত প্রত্যয়ন পত্র। |
| | [১.৬.৩] সমিতিতে জমাকৃত সঞ্চয় | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রতিষ্ঠান-১,পরিকল্পনা শাখা-১ এবং ৪। | বিআরডিবি প্রধান কর্তৃক প্রাপ্ত প্রত্যয়ন পত্র। |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.৭] উপকারভোগী গ্রুপ কর্তৃক কৃষিজ উৎপাদন বৃদ্ধি | [১.৭.১] সংগৃহীত তরল দুধ | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রতিষ্ঠান-১,পরিকল্পনা শাখা-১ এবং ২। | মিল্কভিটা প্রধান কর্তৃক প্রাপ্ত প্রত্যয়ন পত্র। |
| | [১.৭.২] বাজারজাতকৃত তরলদুধ | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রতিষ্ঠান-১,পরিকল্পনা শাখা-১ এবং ২। | মিল্কভিটা প্রধান কর্তৃক প্রাপ্ত প্রত্যয়ন পত্র। |
| | [১.৭.৩] বাজারজাতকৃত অন্যান্য দুগ্ধজাত পণ্য | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রতিষ্ঠান-১,পরিকল্পনা শাখা-১ এবং ২। | মিল্কভিটা প্রধান কর্তৃক প্রাপ্ত প্রত্যয়ন পত্র। |
| [১.৮] উপকারভোগী গ্রুপ কর্তৃক উৎপাদিত অকৃষি পণ্য বাজারজাতকরণ | [১.৮.১] অকৃষি পণ্য বিপণন | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রতিষ্ঠান-১,পরিকল্পনা শাখা-১ এবং ৪। | বিআরডিবি প্রধান কর্তৃক প্রাপ্ত প্রত্যয়ন পত্র। |
| [১.৯] টেকসই পরিবেশ উন্নয়নে কার্যক্রম গ্রহণ | [১.৯.১] গাছের চারা বিতরণ | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রতিষ্ঠান-১ শাখা | বিআরডিবি, বার্ড, আরডিএ এবং বাপার্ড প্রধান কর্তৃক প্রাপ্ত প্রত্যয়ন পত্র। |
| [২.১] পল্লী উন্নয়ন গবেষণা সম্পাদন | [২.১.১] সম্পাদিত গবেষণা | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রতিষ্ঠান-১ শাখা | আরডিএ এবং বার্ড প্রধান কর্তৃক প্রাপ্ত প্রত্যয়ন পত্র। |
| [২.২] পল্লী উন্নয়নে প্রায়োগিক গবেষণা সম্পাদন | [২.২.১] সম্পাদিত প্রায়োগিক গবেষণা | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রতিষ্ঠান-১ শাখা | আরডিএ, বার্ড এবং বাপার্ড প্রধান কর্তৃক প্রাপ্ত প্রত্যয়ন পত্র। |
| [২.৩] প্রকাশনার মাধ্যমে গবেষণালব্ধ ফলাফলের প্রচার/বিস্তার এবং পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক সেমিনার, কর্মশালা আয়োজন | [২.৩.১] প্রকাশিত গবেষণা ও প্রায়োগিক গবেষণার ফলাফল প্রচার | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রতিষ্ঠান-১ শাখা | বার্ড এবং বাপার্ড প্রধান কর্তৃক প্রাপ্ত প্রত্যয়ন পত্র। |
| | [২.৩.২] পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক আয়োজিত সেমিনার, কর্মশালা | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রশাসন-২, প্রতিষ্ঠান-১ এবং প্রতিষ্ঠান-২ শাখা | সমবায়, বিআরডিবি, বার্ড, আরডিএ, বাপার্ড এবং পিডিবিএফ প্রধান কর্তৃক প্রাপ্ত প্রত্যয়ন পত্র। |
| [২.৪] পল্লী অঞ্চলে শহরের সুযোগ সুবিধা নিশ্চিতকরণ | [২.৪.১] পল্লী এলাকায় সৌর বিদ্যুতায়িত সড়কবাতি স্থাপন | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রতিষ্ঠান-২ শাখা এবং পরিকল্পনা-৫ শাখা। | পিডিবিএফ প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র। |
| | [২.৪.২] বঙ্গবন্ধুর গণমুখী সমবায় ভাবনার আলোকে বঙ্গবন্ধু মডেল গ্রাম প্রতিষ্ঠা পাইলট প্রকল্পের অগ্রগতি | | |
| | [২.৪.৩] আধুনিক নাগরিক সুযোগ সুবিধা সম্বলিত সমবায়ভিত্তিক বহুতল ভবন বিশিষ্ট ‘পল্লী জনপদ’ নির্মাণের অগ্রগতি | | |
| [২.৫] পল্লী উন্নয়ন বিষয়ক প্রায়োগিক গবেষণা কার্যক্রম মনিটরিং | [২.৫.১] ভার্চুয়াল প্ল্যাটফর্মের মাধ্যমে প্রায়োগিক গবেষণা সংক্রান্ত কার্যক্রমের মনিটরিং | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আইসিটি এবং প্রশাসন-১ শাখা। | প্রশাসন ও বাজেট অনুবিভাগ প্রধান কর্তৃক প্রাপ্ত প্রত্যয়ন পত্র। |
| [২.৬] কৃষি যান্ত্রিকীকরণ সেবা | [২.৬.১] ট্রাক্টর, পাওয়ার টিলারের মাধ্যমে জমি চাষ সেবা প্রদান | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রতিষ্ঠান-১ শাখা | বাপার্ড প্রধান কর্তৃক প্রাপ্ত প্রত্যয়ন পত্র। |
| | [২.৬.২] রিপার, কম্বাইন্ড হারভেস্টার ইত্যাদির মাধ্যমে ফসল কর্তন ও ফসল সংগ্রহ সেবা প্রদান | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রতিষ্ঠান-১ শাখা | বাপার্ড প্রধান কর্তৃক প্রাপ্ত প্রত্যয়ন পত্র। |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [৩.১] সমবায় সমিতি ও অনানুষ্ঠানিক সমিতির সদস্যদের মধ্যে উদ্বুদ্ধকরণ/ আয়বর্ধনমূলক প্রশিক্ষণ প্রদান | [৩.১.১] আয়বর্ধনমূলক প্রশিক্ষণ গ্রহণকারী | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রতিষ্ঠান-১, প্রতিষ্ঠান-২ শাখা পরিকল্পনা শাখা-১,২,৩,৪,৫ এবং ৬। | সমবায়, বিআরডিবি, বার্ড,আরডিএ, বাপার্ড, পিডিবিএফ, এসএফডিএফ প্রধান কর্তৃক প্রাপ্ত প্রত্যয়ন পত্র। |
| | [৩.১.২] উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ গ্রহণকারী | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রতিষ্ঠান-১, প্রতিষ্ঠান-২ শাখা পরিকল্পনা শাখা-১,২,৪,৫ এবং ৬। | সমবায়, বিআরডিবি, আরডিএ, বাপার্ড, পিডিবিএফ, এসএফডিএফ প্রধান কর্তৃক প্রাপ্ত প্রত্যয়ন পত্র। |
| [৩.২] পল্লী উন্নয়নে নিয়োজিত কর্মকর্তা, জনপ্রতিনিধি এবং এনজিও কর্মীদের প্রশিক্ষণ প্রদান | [৩.২.১] প্রশিক্ষণার্থী কর্মকর্তা, জনপ্রতিনিধি এবং এনজিওকর্মী | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রতিষ্ঠান-১, প্রতিষ্ঠান-২ শাখা পরিকল্পনা শাখা-১,২,৩,৫ এবং ৬। | বার্ড,আরডিএ, বাপার্ড, পিডিবিএফ, এসএফডিএফ প্রধান কর্তৃক প্রাপ্ত প্রত্যয়ন পত্র। |
| [৩.৩] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন | [৩.৩.১] অধীনস্থ দপ্তর/ সংস্থার কর্মকর্তা কর্মচারীদের পদোন্নতি প্রদান | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রতিষ্ঠান-১ এবং প্রতিষ্ঠান-২ শাখা | প্রতিষ্ঠান অনুবিভাগ প্রধান কর্তৃক প্রাপ্ত প্রত্যয়ন পত্র। |
| [৩.৪] কর্মকর্তা/কর্মচারীগণের সক্ষমতা উন্নয়নে উদ্যোগ গ্রহণ | [৩.৪.১] সমসাময়িক বিষয় নিয়ে লার্নিং সেশন আয়োজন | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রশাসন-১ শাখা | প্রশাসন ও বাজেট অনুবিভাগ প্রধান কর্তৃক প্রাপ্ত প্রত্যয়ন পত্র। |
| [৩.৫] পল্লী উন্নয়নে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারী এবং সুফলভোগীদের প্রশিক্ষণ সংক্রান্ত কার্যক্রম মনিটরিং | [৩.৫.১] ভার্চুয়াল প্ল্যাটফর্মের মাধ্যমে প্রশিক্ষণ সংক্রান্ত কার্যক্রম মনিটরিং | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আইসিটি এবং প্রশাসন-১ শাখা। | প্রশাসন ও বাজেট অনুবিভাগ প্রধান কর্তৃক প্রাপ্ত প্রত্যয়ন পত্র। |

# সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| উপকারভোগী গ্রুপ কর্তৃক কৃষিজ উৎপাদন বৃদ্ধি | বাজারজাতকৃত তরলদুধ | সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | কারাগারসমূহে তরল দুধ ও দুগ্ধজাত পণ্য সরবরাহ নিশ্চিত করা |
| উপকারভোগী গ্রুপ কর্তৃক কৃষিজ উৎপাদন বৃদ্ধি | বাজারজাতকৃত অন্যান্য দুগ্ধজাত পণ্য | সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | কারাগারসমূহে তরল দুধ ও দুগ্ধজাত পণ্য সরবরাহ নিশ্চিত করা |

## সংযোজনী ৪: যেসব নীতি/পরিকল্পনার আলোকে কর্মসম্পাদন পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে

| ক্রমিক নম্বর | নীতি/পরিকল্পনার নাম | নীতি/পরিকল্পনার যে অংশের আলোকে এপিএ'র কার্যক্রম গ্রহণ করা হয়েছে | এপিএ'র সংশ্লিষ্ট কার্যক্রম | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | রূপকল্প ২০৪১ | বাংলাদেশ প্রেক্ষিত পরিকল্পনা ২০২১-২০৪১ এর অধ্যায়-৪ (একটি দারিদ্র্যশূন্য দেশ) এবং রূপকল্প ২০৪১ এর পৃষ্ঠা নং-১৪ এর দারিদ্র্যশূন্য দেশ শিরোনামে উল্লিখিত বিষয়াদি। | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের কৌশলগত উদ্দেশ্যের ১.১.১ হতে ৩.৬.২ পর্যন্ত সূচকের সাথে সম্পর্কযুক্ত। | |
| ২ | অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা | অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনায় উল্লিখিত  Agricultural Mechanization (Page-460)  Capacity Development for Rural Community (Page-458)- পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের এপিএ'এর সূচক নং:১.১.১, ১.১.৩, ২.১.১, ২.১.২, ২.২.১  Extension of Capital Service (Page-458)- পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের এপিএ'এর সূচক নং: ১.২.১, ১.৪.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩ |  Agricultural Mechanization (Page-460)-পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের এপিএ'এর সূচক নং: ৩.৬.১ ও ৩.৬.২;  Capacity Development for Rural Community (Page-458)- পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের এপিএ'এর সূচক নং:১.১.১, ১.১.৩, ২.১.১, ২.১.২, ২.২.১  Extension of Capital Service (Page-458)- পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের এপিএ'এর সূচক নং: ১.২.১, ১.৪.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩ | |
| ৩ | এম টি বি এফ | মধ্যমেয়াদী বাজেট কাঠামোতে' প্রদত্ত রূপকল্প, অভিলক্ষ্য, Key Performance Indicator (KPI),উদ্দেশ্য ও সকল কার্যক্রম | বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সূচক নং: ১.১.১, ১.১.৩, ১.২.১, ১.৪.১, ১.৫.১, ১.৫.২, ২.১.১,২.১.২,২.২.১, ৩.১.১, ৩.২.১, ৩.৩.১ | |
| ৪ | নির্বাচনী ইশতেহার ২০১৮ | নির্বাচনী ইশতেহার ২০১৮ এর অনুচ্ছেদ ৩.১০ 'আমার গ্রাম আমার শহর'; ৩.১২ ( নারীর ক্ষমতায়ন); অনুচ্ছেদ ৩.১৩ (দারিদ্র্য বিমোচন ও বৈষম্য হ্রাস) |  নির্বাচনী ইশতেহার ২০১৮ এর অনুচ্ছেদ ৩.১০ 'আমার গ্রাম আমার শহর': পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এর সূচক নং:৩.৪.১;  ৩.১২ ( নারীর ক্ষমতায়ন): পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এর সূচক নং: ১.৫.১,২.১.১,২.১.২;  অনুচ্ছেদ ৩.১৩ (দারিদ্র্য বিমোচন ও বৈষম্য হ্রাস): পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এর সূচক নং: ১.১.১ হতে ৩.৬.২ পর্যন্ত। | |
| ৫ | টেকসই উন্নয়ন অভীষ্ট লক্ষ্যমাত্রা | টেকসই উন্নয়ন অভীষ্ট ১। সর্বত্র সব ধরনের দারিদ্র্যের অবসান, লক্ষ্যমাত্রা ১.৩ এবং ১.৪ | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের কৌশলগত উদ্দেশ্যের ১.১.১ হতে ৩.৬.২ পর্যন্ত সূচকের সাথে সম্পর্কযুক্ত। | |
| ৬ | মন্ত্রণালয়/বিভাগের নিজস্ব নীতি/পরিকল্পনা ২০০১ | জাতীয় পল্লী উন্নয়ন নীতি-২০০১ | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের কৌশলগত উদ্দেশ্যের ১.১.১ হতে ৩.৬.২ পর্যন্ত সূচকের সাথে সম্পর্কযুক্ত। | |

## সংযোজনী ৫-৯: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ